

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৯১

আরবি মূল আয়াত:

قَالُوا لَنْ نَبْرَحَ عَلَيْهِ عَڪْفِـينَ حَتَّىٰ يَرْجِعَ إِلَيْنَا مُوسَىٰ ﴿٩١﴾

অনুবাদসমূহ:

তারা বলল, ‘আমরা এর উপরই অবিচল থাকব যতক্ষণ না মূসা আমাদের কাছে ফিরে আসে’। — আল-বায়ান

তারা বলল, ‘আমাদের কাছে মূসা ফিরে না আসা পর্যন্ত আমরা সদাসর্বদা এর সাথেই সংযুক্ত হয়ে থাকব। —
তাইসিরুল

তারা বলেছিলঃ আমাদের নিকট মূসা ফিরে না আসা পর্যন্ত আমরা এর পূজা হতে কিছুতেই বিরত হব না। —
মুজিবুর রহমান

They said, "We will never cease being devoted to the calf until Moses returns to us." — Sahih International

৯১. তারা বলেছিল, আমাদের কাছে মূসা ফিরে না আসা পর্যন্ত আমরা কিছুতেই এর পূজা হতে বিরত হব না।

-

তাফসীরে জাকারিয়া

(৯১) ওরা বলেছিল, ‘আমাদের নিকট মূসা ফিরে না আসা পর্যন্ত আমরা কিছুতেই এর পূজা হতে বিরত হব না।’ [1]

[1] ইস্রাঈলীদেরকে বাছুর পূজা এত ভাল লেগেছিল যে, তারা হারুন (আঃ)-এর কথায় কর্ণপাত করল না এবং তার সম্মান ও ইবাদত ছাড়তে অস্বীকৃতি জানাল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2439>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন